85

তারিখ 02 NOV 1995
পৃষ্ঠা ৬ কলাম ৫

আজকের কাগজ

# আদালতের রায়ে বরগুনা মহিলা কলেজের এইচএসসি পরীক্ষার্থিনী বিউটির বহিষ্কারাদেশ অবৈধ

এ বছর যশোর বোর্ডের এইচএসসি পরীক্ষা চলাকালে বরগুনা মহিলা কলেজ কেন্দ্রে উক্ত কলেজের মানবিক বিভাগের পরীক্ষার্থিনী বহিষ্কৃত বিউটি আক্তার তার বহিষ্কারাদেশ চ্যালেঞ্জ করে বরগুনা সদর সিনিয়র সহকারি জজ আদালতে মামলা করায় আদালত বিউটি আক্তারের বহিষ্কারাদেশ অবৈধ বলে ১৭ অক্টোবর রায় দেন এবং ২১ অক্টোবর ডিক্রি প্রদান করেন। বরগুনা মহিলা কলেজের মানবিক বিভাগের পরীক্ষার্থিনী বিউটি আক্তারকে ২৩ জুলাই যুক্তিবিদ্যা দ্বিতীয় পত্র পরীক্ষা চলাকালে পরীক্ষা শেষ হবার ৩০ মিনিট পূর্বে কর্তব্যরত পরিদর্শক ম্যাজিস্ট্রেট মনিরুজ্জামান বিউটির হাতে নকল লেখা আছে এই অজুহাতে তার খাতা ও প্রশ্নপত্র কেড়ে নেন। বিউটি অভিযোগের তৎক্ষণিক চ্যালেঞ্জ করলে ম্যাজিস্ট্রেট চ্যালেঞ্জ গ্রহণ না করে কর্তব্যরত প্রভাষক মনিরুজ্জামানকে বহিষ্কারের নির্দেশ দেন। বিউটি আক্তার এই বহিষ্কারাদেশ চ্যালেঞ্জ করে ২৪ জুলাই আদালতে মামলা করে। আদালত বিউটিকে পরীক্ষা চালিয়ে যাবার নির্দেশ দেন এবং বিউটি আক্তার যথারীতি পরবর্তী পরীক্ষাসমূহে অংশগ্রহণ করে। পরবর্তীতে মোকদ্দমায় জেলা প্রশাসক ও কেন্দ্র পরিচালনা কমিটির সভাপতি বর্ণনাপত্রসহ আদালতে হাজিরা দিলে উভয়পক্ষ এবং সাক্ষীদের বক্তব্য শোনার পর ১৭ অক্টোবর আদালত বিউটির পক্ষে রায় দেন। বাদী পক্ষে মামলা পরিচালনা করেন এ্যাডভোকেট নজরুল ইসলাম আলম ও এ্যাডভোকেট নূরুল ইসলাম সিকদার। সরকার পক্ষে ছিলেন আক্তারুজ্জামান। বরগুনা থেকে হাসান রুমী।